ভোরের কাগজ

43

তারিখ 14 FEB 1998
পৃষ্ঠা ১২ কলাম ৬

জাতীয় বিশ্ববিদ্যালয়

# অনার্সে ভর্তি ফরমের দাম কমানোর দাবিতে ছাত্র বিক্ষোভ, বিক্রি বন্ধ

অশোক সেন : জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অনার্সে ভর্তি ফরমের দাম বৃদ্ধি করাকে কেন্দ্র করে সারা দেশে ছাত্র বিক্ষোভ ছড়িয়ে পড়ছে। অনার্সে ভর্তিচ্ছু ক্ষুব্ধ ছাত্রছাত্রীরা ইতিমধ্যে বিভিন্ন কলেজে ফরম বিক্রির প্রক্রিয়া বন্ধ করে দিয়েছে।

জানা গেছে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবার অনার্সে ভর্তি ফরমের দাম ১৫০ টাকা নির্ধারণ করেছে। অথচ গতবার এ ফরম বিক্রি হয়েছে ১০ টাকায়। কর্তৃপক্ষের এ হঠকারি সিদ্ধান্তের বিরুদ্ধে ছাত্রছাত্রীরা বিক্ষোভে ফেটে পড়েছে। যশোর-খুলনাসহ এ অঞ্চলের সরকারি কলেজগুলোতে প্রতিদিনই ফরমের দাম কমানোর দাবিতে মিটিং মিছিল অনুষ্ঠিত হচ্ছে। ছাত্র বিক্ষোভের মুখে ফরমের দাম ১০০ টাকা পুনর্নির্ধারণ করা হলেও ছাত্রছাত্রীরা এ দামে ফরম বিক্রিতেও বাধা দিচ্ছে। বাধার মুখে যশোর এম এম কলেজ, দৌলতপুর বিএল কলেজসহ এ অঞ্চলের বিভিন্ন সরকারি কলেজগুলোয় অনার্সে ভর্তি ফরম বিক্রি বন্ধ রয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, কলেজগুলো থেকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বিক্রিত প্রতি ফরম বাবদ ২৫ টাকা করে জমা দিতে হবে বলে বলা হয়েছে। বাদবাকি টাকা ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র তৈরি, খাতা পরীক্ষা ইত্যাদিতে ব্যয়িত হবে। এ ব্যাপারে ছাত্রছাত্রীরা প্রশ্ন তুলেছে, রাজশাহী বিশ্ববিদ্যালয় যদি ভর্তি ফরমের দাম ৫০ টাকা নির্ধারণ করে ভর্তি পরীক্ষাসহ এ সংক্রান্ত যাবতীয় ব্যয় নির্বাহ করতে পারে সেখানে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ফরমের দাম ৫০ টাকা নির্ধারণ করতে পারবে না কেন? তাছাড়া অনার্সে ভর্তি পরীক্ষার ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কিছুই করার না থাকলেও ফরম প্রতি ২৫ টাকা প্রদান করতে হবে কেন? এ সিদ্ধান্ত কলেজ কর্তৃপক্ষকেও বিস্মিত করেছে।

ফরমের দাম ৫০ টাকা নির্ধারণ করা ছাড়া ছাত্রছাত্রীরা ভর্তি ফরম বিক্রি করতে দেবে না বলে জানিয়েছে।